# দুস্থ, অসচ্ছল, দুর্ঘটনায় গুরুতর আহত এবং মৃত সাংবাদিকদের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য মঞ্জুরি ও বৃত্তি প্রদান নির্দেশিকা (Guidelines) ২০২৩

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# দুস্থ, অসচ্ছল, দুর্ঘটনায় গুরুতর আহত এবং মৃত সাংবাদিকদের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য মঞ্জুরি ও বৃত্তি প্রদান নির্দেশিকা (Guidelines) ২০২৩ :

১। **ভূমিকা :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাংবাদিকদের পেশাগত, জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি সাংবাদিকতার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো শক্তিশালী করার বিষয়ে ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছিলেন। ১৯৭৪ সালে The Newspaper Employes (Services and Condition) Act 1974 প্রণয়নের মাধ্যমে সাংবাদিকদের অধিকার ও মর্যাদাকে রাষ্ট্রীয় আইন দ্বারা সুরক্ষিত করা হয়। সাংবাদিক-বান্ধব বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাংবাদিকদের কল্যাণে নানামুখী কার্যক্রম গ্রহণ করেছেন। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন ২০১৪ প্রণয়ন করা হয়। উক্ত আইনের অধীনে দুস্থ, অসচ্ছল, দুর্ঘটনায় গুরুতর আহত এবং প্রয়াত সাংবাদিকদের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য মঞ্জুরি ও বৃত্তি প্রদানের সুযোগ রাখা হয়েছে। উল্লিখিত মঞ্জুরি ও বৃত্তি প্রদানের জন্য এ নির্দেশিকাটি (Guidelines) প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম :** এই নির্দেশিকাটি দুস্থ, অসচ্ছল, দুর্ঘটনায় গুরুতর আহত এবং প্রয়াত সাংবাদিকদের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য মঞ্জুরি ও বৃত্তি প্রদান নির্দেশিকা (Guidelines) ২০২৩ নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন :**

৩.১ এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে;

৩.২ দুর্ঘটনায় গুরুতর আহত, প্রয়াত, পেশাগত কাজে অসমর্থ এবং কর্মহীন ও অসচ্ছল সাংবাদিকের নিম্ন মাধ্যমিক থেকে স্নাতক/সমমান পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানদের মঞ্জুরি ও বৃত্তি প্রদানের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা :** এ নির্দেশিকায় বিষয় বা প্রসঙ্গ পরিপন্থী কোনো কিছু না থাকলে :

৪.১ সাংবাদিক অর্থ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন ২০১৪ এর ২ (১০) ধারায় উল্লিখিত ব্যক্তির্বগকে বুঝাবে;

৪.২ মঞ্জুরি : এককালীন একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দকে বুঝাবে;

৪.৩ নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী বলতে ৬ষ্ঠ শ্রেণি/সমমান থেকে দশম শ্রেণি/সমমান পর্যন্ত শিক্ষার্থীকে বুঝাবে,

৪.৪ স্নাতক/সমমান শিক্ষার্থী বলতে স্নাতক (পাশ)/স্নাতক (সম্মান)/প্রকৌশল এবং মেডিকেলের স্নাতক পর্যায়ে অধ্যয়নরত এবং সমমানের শিক্ষার্থীকে বুঝাবে;

৪.৫ কর্তৃপক্ষ বলতে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডকে বুঝাবে;

৪.৬ মেধাবী অর্থ-

(ক) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের ক্ষেত্রে কমপক্ষে ৭০% নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে বুঝাবে;
(খ) স্নাতক বা সমমান পর্যায়ের ক্ষেত্রে কমপক্ষে ৫০% নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে বুঝাবে;

৪.৭ বৃত্তি বলতে মাসিক নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানকে বুঝাবে;

৪.৮ উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী বলতে এইচএসসি/ সমমান পর্যায়ের শিক্ষার্থীকে বুঝাবে;

৪.৯ আবেদন ফরম অর্থ-বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত ফরমকে বুঝাবে;

৪.১০ দুর্ঘটনায় গুরুতর আহত 'সাংবাদিক' অর্থ-জেলা পর্যায়ে সিভিল সার্জন এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা র্কর্তৃক দুর্ঘটনায় গুরুতর আহত হিসেবে প্রত্যয়নকৃত সাংবাদিককে বুঝাবে;

৪.১১ 'বাছাই কমিটি' অর্থ-আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাছাইয়ের জন্য এ নির্দেশিকার ১০নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটিকে বুঝাবে;

৫। **আবেদনকারীর যোগ্যতা :**

৫.১ শিক্ষার্থীর পিতা/মাতা যে কোনো একজন কিংবা উভয়ই সাংবাদিকতা পেশায় নিয়োজিত থাকলে এবং তাদের বার্ষিক আয় ৩ লাখ টাকার কম হলে তাদের যে কোনো একজন আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

৫.২ সাংবাদিকতা পেশায় নিয়োজিত পিতা/মাতা মৃত্যুবরণ করলে শিক্ষার্থীর বৈধ অভিভাবক বা শিক্ষার্থী নিজে আবেদন করতে পারবেন;

৫.৩ সাংবাদিকতা পেশায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৫.৪ শিক্ষার্থীর বয়স জন্মসনদ অনুযায়ী ২৫ বছরের বেশি হলে বৃত্তি প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না;

৬। **অর্থের উৎস :**

৬.১ অনুদান/কল্যাণ ট্রাস্টের স্থায়ী আমানতের লভ্যাংশ থেকে বছরভিত্তিক বরাদ্দকৃত অর্থ;

৬.২ অর্থবছরের শুরুতে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড কর্তৃক ক্যাটাগরিভিত্তিক বৃত্তির সংখ্যা এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ নির্ধারণ করা হবে;

৭। **বৃত্তির জন্য আবেদন জমা প্রদানের পদ্ধতি :**

৭.১ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রতিবছর জানুয়ারি মাসে ক্যাটাগরিভিত্তিক বৃত্তির সংখ্যা উল্লেখপূর্বক আবেদন আহ্বান করা হবে;

৭.২ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে;

৭.৩ বৃত্তির আবেদনপত্র সরাসরি/ডাকযোগে/অনলাইনে জমা দেওয়া যাবে।

৭.৪ একজন সাংবাদিকের সর্বোচ্চ ২ (দুই) জন সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে, পিতা/মাতা উভয়ই সাংবাদিক হলে সে ক্ষেত্রে পিতা/মাতার মধ্য হতে একজন আবেদন করতে পারবেন;

৭.৫ কোন ছাত্র-ছাত্রী সরকারি কোনো প্রতিষ্ঠান হতে শিক্ষাবৃত্তি গ্রহণ করে থাকলে সেক্ষেত্রে এই বৃত্তির আবেদনের যোগ্য হবেন না; তবে বিশেষ বিবেচনায় অসাধারণ মেধাবীদের ক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সুপারিশে বৃত্তি প্রদান করা যাবে।

৮। **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত সত্যায়িত কাগজপত্র দাখিল করতে হবে ;**

৮.১ আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র এবং সাংবাদিকতার সপক্ষে পরিচয়পত্র/ প্রত্যয়নপত্র;

৮.২ সাংবাদিক হিসেবে কমপক্ষে ৫ বছর কাজ করার স্বপক্ষে সনদ/ প্রত্যয়নপত্র;

৮.৩ শিক্ষার্থীর জন্মনিবন্ধনের কপি;

৮.৪ মৃত্যুবরণকারী সাংবাদিকের সন্তানদের ক্ষেত্রে মৃত্যুসনদের কপি;

৮.৫ শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

৮.৬ ক্যাটাগরি অনুযায়ী সংশ্লিষ্ট পরীক্ষার মূল নম্বরপত্রের (মার্কশিট) ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

৯। **বাছাই কমিটির দায়িত্ব :**

৯.১ বাছাই কমিটি ক্যাটাগরিভিত্তিক প্রাপ্ত আবেদনসমূহ মেধাক্রম অনুযায়ী বাছাই করবেন এবং বৃত্তির সুপারিশ করবেন;

৯.২ আবেদনের দ্বৈততা পরীক্ষা করবেন;

৯.৩ সুপারিশের পক্ষে যৌক্তিকতা তুলে ধরবেন;

৯.৪ সুপারিশ প্রদানের ক্ষেত্রে প্রতিবছর প্রাপ্ত আবেদন বিবেচনায় নিয়ে ক্যাটাগরিভিত্তিক মেধাক্রম তৈরি করবেন;

৯.৫ মেধাবী শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রতি বছরের জন্য মেধাভিত্তিক ক্যাটাগরি অনুযায়ী সুপারিশ করবেন;

৯.৬ প্রথম বছরে মেধাবী হিসেবে নির্বাচিত হলে পরবর্তী বছর উচ্চতর শ্রেণিতে স্বয়ংক্রিয়ভাবে মেধাবী হিসেবে নির্বাচিত করা যাবে না;

১০। **বাছাই কমিটির রূপরেখা হবে :**

১০.১ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা। সভাপতি

১০.২ যুগ্মসচিব/ উপসচিব (প্রেস), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা। সদস্য

১০.৩ মহাসচিব, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন। সদস্য

১০.৪ সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন সাংবাদিক। সদস্য

১০.৫ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা। সদস্য-সচিব

১১। **শিক্ষাবৃত্তির ক্যাটাগরি :**

১১.১ নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়;

১১.২ উচ্চ মাধ্যমিক/ ডিপ্লোমা পর্যায়;

১১.৩ স্নাতক/সমমান;

১১.৪ প্রকৌশল/মেডিকেল/স্নাতকোত্তর পর্যায়;

১২। **ক্যাটাগরিভিত্তিক বৃত্তির অর্থের পরিমাণ (অর্থবছরভিত্তিক) :**

| ক্রমিক | শিক্ষার পর্যায় | মাসিক বৃত্তি/মঞ্জুরির পরিমাণ (টাকায়) |
|---|---|---|
| ১২.১ | নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায় | ৮০০/- থেকে ১,০০০/- |
| ১২.২ | উচ্চ মাধ্যমিক/ডিপ্লোমা পর্যায় | ১,০০০/- থেকে ১,৫০০/- |
| ১২.৩ | স্নাতক/সমমান | ১,২০০/- থেকে ২,০০০/- |
| ১২.৪ | প্রকৌশল/মেডিকেল/স্নাতকত্তোর পর্যায় | ১,৫০০/- থেকে ২,৫০০/- |

১৩। **বিবিধ :**

১৩.১ বাছাই কমিটির সদস্যগণ বিধি মোতাবেক সম্মানি প্রাপ্য হবেন;

১৩.২ বৃত্তি প্রদানের পর কোনো শিক্ষার্থীর আবেদন ও প্রদত্ত তথ্য ভুল ও অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে কর্তৃপক্ষ বৃত্তি বাতিল/স্থগিত, পরবর্তীতে আর কোনো বৃত্তি কিংবা আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে অযোগ্য ঘোষণা করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

H Kabir 07/08/2026

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়